তারিখ 10 JAN 2016
পৃষ্ঠা ৬ কলাম ৪

এমবিবিএস ও বিডিএসের ক্লাস শুরু আজ

# নবীন শিক্ষার্থীদের মানবিক হওয়ার তাগিদ স্বাস্থ্যমন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক ▷

মনোযোগ দিয়ে লেখাপড়া করে রোগীদের সেবায় ব্রতী হওয়ার পাশাপাশি নিজেদের পরিবার ও দেশের প্রত্যাশা পূরণ করার দিকে নজর দিতে হবে। হতে হবে দক্ষ ও মানবিক চিকিৎসক। এমবিবিএস সম্পন্ন করে গ্রামে গিয়ে সাধারণ মানুষের সেবা করার মানসিকতা থাকতে হবে। গতকাল শনিবার ঢাকা মেডিক্যাল কলেজের এমবিবিএস ৭৩ ব্যাচের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম এ কথা বলেন। পূর্বঘোষিত সূচি অনুসারে আজ রবিবার থেকে সারা দেশে সব মেডিক্যাল ও ডেন্টাল কলেজে এমবিবিএস ও বিডিএস প্রথম বর্ষের ক্লাস শুরু হচ্ছে। এ উপলক্ষে গতকাল দেশের বেশির ভাগ মেডিক্যাল কলেজই নবীন শিক্ষার্থীদের নিয়ে ওরিয়েন্টেশন অনুষ্ঠানের আয়োজন করে স্ব-স্ব কলেজ কর্তৃপক্ষ।